Lens Asia

২০ জুলাই, ২০২৬

# শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত প্রতিদিনের বাংলাদেশের প্রকাশক অপু



ছবি: সংগৃহীত

দেশের স্বনামধন্য শিল্পপ্রতিষ্ঠান রংধনু গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এবং দৈনিক প্রতিদিনের বাংলাদেশ পত্রিকার প্রকাশক কাউসার আহমেদ অপুর জন্মদিন উৎসবমুখর ও আন্তরিক পরিবেশে উদযাপিত হয়েছে ।জন্মদিন উপলক্ষে তিনি সহকর্মী, সাংবাদিক ও শুভানুধ্যায়ীদের কাছ থেকে ফুলেল শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত হন।

সোমবার (২০ জুলাই) বিকেলে রাজধানীর কুড়িল বিশ্বরোডে অবস্থিত রংধনু গ্রুপের প্রধান কার্যালয়ে দৈনিক প্রতিদিনের বাংলাদেশ-এর উদ্যোগে কেক কেটে জন্মদিনের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে পত্রিকার পক্ষ থেকে প্রকাশককে শুভেচ্ছা জানান সম্পাদক মারুফ কামাল খান। এ সময় উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা সম্পাদক মোরছালীন বাবলা, নির্বাহী সম্পাদক মশিউর রহমান টিপু, হেড অব নিউজ কামরুল হাসান খান, চিফ রিপোর্টার আবু কাওসারসহ প্রতিষ্ঠানের সাংবাদিক এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা।

কেক কাটার আগে সংক্ষিপ্ত বক্তব্যে কাউসার আহমেদ অপু বলেন, “সম্মিলিত প্রচেষ্টা ও আন্তরিকতার মাধ্যমে আমরা প্রতিদিনের বাংলাদেশকে আরও সমৃদ্ধ ও পাঠকবান্ধব হিসেবে গড়ে তুলতে চাই। ইতোমধ্যে বেশ কিছু নতুন উদ্যোগ নেওয়া হয়েছে। এসব উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে পত্রিকার কার্যক্রম ও পরিধি আরও বিস্তৃত হবে এবং পাঠকদের প্রত্যাশা পূরণে নতুন মাত্রা যোগ হবে।”

তিনি সম্পাদক মারুফ কামাল খানের নেতৃত্বের ভূয়সী প্রশংসা করে বলেন, “তার দক্ষ নেতৃত্বে প্রতিদিনের বাংলাদেশ আরও সমৃদ্ধ, আধুনিক ও পাঠকনির্ভর গণমাধ্যমে পরিণত হবে।” একই সঙ্গে নির্বাহী সম্পাদক মশিউর রহমান টিপু এবং ব্যবস্থাপনা সম্পাদক মোরছালীন বাবলার দক্ষতা ও নেতৃত্বেরও প্রশংসা করেন তিনি।

প্রকাশক পত্রিকাকে আরও পাঠকপ্রিয় করে তুলতে সবার আন্তরিক সহযোগিতা, গঠনমূলক মতামত ও সম্মিলিত উদ্যোগ কামনা করেন। অনুষ্ঠানে উপস্থিত সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারীরা তার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

এর আগে গ্রিন টেলিভিশনের সাংবাদিক ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরাও পৃথক আয়োজনে কাউসার আহমেদ অপুর জন্মদিন উদযাপন করে তাকে শুভেচ্ছা জানান।